মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ উপলক্ষে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২০ এপ্রিল) সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মিসেস রেহানা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা (শান্ত), শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, বিথী খাতুন, শাহিনা আফরোজ, রওশন আরা সহ শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ।

অনুষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রধান অতিথি শিল্পী রানী রায় শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি বিদ্যালয় কর্তৃপক্ষের এমন উদ্যোগকে সাধুবাদ জানান।

সভাপতি রেহানা ইয়াসমিন অনুষ্ঠান সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও শিক্ষার্থীদের মেধা ও মনন বিকাশে বিদ্যালয়ের এ ধরনের আয়োজন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানটি শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করেছে বলে জানা গেছে।

কুষ্টিয়ায় নবীন বরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় নবীন বরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান-২০২৬ জাঁকজমকপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং কুষ্টিয়া হাজী আবুল হোসেন ইনস্টিটিউট অব টেকনোলজির আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মো. রহুল আমিন।

কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির অধ্যক্ষ মো. শাহজাহান আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া হাজী আবুল হোসেন ইনস্টিটিউট অব টেকনোলজির অধ্যক্ষ বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মো. শফিকুর রহমান, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ডিন প্রফেসর মো. আখতার হোসেন, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন বিভাগীয় প্রধান খন্দকার আনোয়ারুল হক এবং চিফ ইনস্ট্রাক্টর মো. জাহাঙ্গীর আলম।

অনুষ্ঠানে কুষ্টিয়া ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ভাইস প্রিন্সিপাল মো. রাশেদুল হাসান সার্বিক দায়িত্ব পালন করেন এবং বিভাগীয় প্রধান মনোরুবা রহমানের সঞ্চালনায় সহযোগিতা করেন শামজ্জুমান সজীব, সোহেলী আক্তার, তাম্মী নেওয়াজ, অপু সেন, রুমি খাতুন, আফসানা হাবিব, এনামুল হক, জাহিদুজ্জামানসহ আরও অনেকে।

অনুষ্ঠানে বক্তারা শিক্ষার্থীদের মনোযোগী হয়ে পড়াশোনা করার পাশাপাশি নৈতিকতা ও মানবিক মূল্যবোধ অর্জনের ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, জীবনের প্রতিটি নতুন অধ্যায় নতুন সম্ভাবনা নিয়ে আসে। এই শিক্ষা প্রতিষ্ঠানে আসার মূল লক্ষ্য শুধু ভালো ফলাফল অর্জন নয়; বরং একজন দায়িত্বশীল, নৈতিক ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে

ওঠাও গুরুত্বপূর্ণ।

বক্তারা আরও বলেন, প্রথম লক্ষ্য হওয়া উচিত জ্ঞান অর্জন, দ্বিতীয় লক্ষ্য সৃজনশীল চিন্তা এবং তৃতীয় লক্ষ্য মানবিক মূল্যবোধে উজ্জীবিত হওয়া। বর্তমান যুগে প্রযুক্তিনির্ভর শিক্ষার বিকল্প নেই দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীদের দেশের উন্নয়নে ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বরণ, বিদায়ী শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা এবং কৃতি শিক্ষার্থীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি প্রাণবন্ত পরিবেশে সম্পন্ন হয় এবং এতে শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতি অনুষ্ঠানকে আরও প্রাণবন্ত করে তোলে।

দর্শনায় উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

দর্শনা “পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘ” এর উদ্যোগে উপদেষ্টামণ্ডলী ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৫টায় দর্শনা পুরাতন বাজার হাজী লাল মোহাম্মদের বাড়ির সামনে আয়োজিত এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পুরাতন বাজার সমাজ কল্যাণ সংঘের সাধারণ সম্পাদক উত্তম রঞ্জন দেবনাথ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি এনামুল হক শাহ মুকুল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সহ-সভাপতি রমিজ উদ্দিন মল্লিক, মোঃ আরিফুল্লাহ তরফদার, সাংগঠনিক সম্পাদক অপু সুলতান, প্রচার ও

প্রকাশনা সম্পাদক মাহমুদ হাসান রনি, সদস্য রাসেদ মল্লিক, জহির উদ্দিন স্বপন, উপদেষ্টা পরিষদের সদস্য সোহেল মনিরুজ্জামান মনি এবং অ্যাডভোকেট সিরাজুল ইসলাম সিরাজ প্রমুখ।

পরে উপদেষ্টা কমিটির সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং মহল্লার এসএসসি ও ৫ম শ্রেণি পাশ করা শিক্ষার্থীদের মধ্যে ক্রেস্ট প্রদান করা হয়।

হরিণাকুণ্ডুতে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেওয়া মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ সোমবার দুপুরে উপজেলার জেলা পরিষদ মিলনায়তনে এ সংবর্ধনার আয়োজন করে উপজেলা ও পৌর ছাত্রদল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা বিএনপি’র সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ।

হরিণাকুণ্ডু উপজেলা ছাত্রদলের আহ্বায়ক ইমরুল হাসান মিঠুর সভাপতিত্বে অনুষ্ঠানের সঞ্চালনা করেন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শামীম রেজা। সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হরিণাকুণ্ডু উপজেলা বিএনপি’র সভাপতি আবুল হাসান মাস্টার, পৌর বিএনপি’র সভাপতি জিন্নাতল হক খান, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আনিচুর রহমান, জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, হরিণাকুণ্ডু পৌর ছাত্রদলের আহ্বায়ক আকরাম হোসেন, সদস্য সচিব ইখলাচ উদ্দিন, পৌর বিএনপি’র ছাত্র বিষয়ক সম্পাদক তারেক আল মামুন।

আলোচনা সভা শেষে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ ৫ পাওয়া ১২৯ জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি দেওয়া, তাদের অনুপ্রাণিত করা এবং ভবিষ্যৎ প্রজন্মকে পড়াশোনায় উৎসাহিত করার উদ্দেশ্যেই এই সংবর্ধনার আয়োজন করা হয় বলে জানান আয়োজকরা।

মেহেরপুরে জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দিলো ছাত্রশিবির

মেহেরপুরে এসএসসি/দাখিল ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর জেলা শাখার আয়োজনে আজ মঙ্গলবার সকাল ১০টায় পৌর কমিউনিটি সেন্টারে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা ছাত্রশিবিরের সভাপতি আবদুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ছাত্রঅধিকার সম্পাদক ও কেন্দ্রীয় ছাত্রশিবিরের সদস্য আমিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, পুনরায় যদি কেউ ফ্যাসিস্টের আসন গ্রহণ করতে চায়, এই দেশের মেধাবীদের দমিয়ে রাখতে চায়, আবারও যদি শিক্ষা ব্যবস্থা সহ অন্যান্য ক্ষেত্রে ষড়যন্ত্র করে তবে তাদের এই দেশ থেকে পালাতে বাধ্য করা হবে।

তিনি আরো বলেন, আপনারা একটি লড়াই অতিক্রম করে সফলতা অর্জন করেছেন। দীর্ঘ ১০ বছরের পরিশ্রম ও পড়াশোনার পর জীবনের প্রথম ধাপ সফলভাবে অতিক্রম করেছেন।

এবারের এসএসসি পরীক্ষায় পাশের হার খুবই কম ছিল, ঠিক সেই সময়ে আপনারা এ প্লাস পেয়ে উত্তীর্ণ হয়েছেন। সুতরাং আপনারা নিঃসন্দেহে মেহেরপুরের মেধাবী শিক্ষার্থী।

জেলা ছাত্রশিবিরের সেক্রেটারি সাইদুর ইসলামের সঞ্চালনায় প্রধান

আলোচক হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামী আমির মাওলানা তাজউদ্দিন খান।

তিনি বলেন, মাদক আমাদের চারদিকে জোরদার ভাবে ছড়িয়ে পড়েছে। এক গবেষণায় বলা হয়েছে, দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশ এবং আফ্রিকায় যুবশক্তির সংখ্যা বিশ্বে শীর্ষস্থানীয়। এই যুবশক্তিই আমাদের মেধাবীদের কাজের জন্য অন্য দেশে নিয়ে যাচ্ছে। অনেকেই এসে আমাদের মেধাবীদের বহন করছে। ধীরে ধীরে আমরা নিচের দিকে নামছি। এই বছর প্রায় ৫০টি প্রাথমিক বিদ্যালয় ছাত্র-ছাত্রীর অভাবে বন্ধ হয়ে গেছে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর, জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি ও বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ আল-আমিন বকুল, ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের সভাপতি মাহমুদুল হাসান, জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি ও জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন এবং জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি ও পৌর আমির সোহেল রানা ডলার।

এছাড়াও উপস্থিত ছিলেন সাবেক জেলা সভাপতি সাখাওয়াত হোসেন, পৌর শিবির সভাপতি আবু রায়হান, সরকারি কলেজ ছাত্রশিবির সভাপতি কামরুল ইসলাম নাহিদ, মুজিবনগর উপজেলা ছাত্রশিবির সভাপতি আবু তালহাসহ জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এসময় ইসলামী সংগীত ও নাটক পরিবেশন করা হয় এবং শেষে শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

ঝিনাইদহে জমিলা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ে কৃতি শিক্ষার্থীদের

সংবর্ধনা

ঝিনাইদহ জামিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী,এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের জামিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের আয়োজনে কৃতি শিক্ষার্থীদের মাঝে সংবর্ধনা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে যশোর বোর্ডের অধিন-২০২৩ সেশনে জিপিএ-৫ প্রাপ্ত ১১ জন কৃতি শিক্ষার্থীকে স্মারক প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সভাপতি বিশ্বজিৎ সাহা মিথুন, প্রধান শিক্ষীকা আফরোজা সুলতানা, সহকারী প্রধান শিক্ষক সুমন কুমার, ইংরেজী শিক্ষক হাসান হাবিব রাজু সহ সকল শিক্ষকবৃন্দ ও কৃতি শিক্ষার্থীরা। সভাপতি কে ফুল দিয়ে শুভেচ্ছা জানাই দশম শ্রেণীর ছাত্রী প্রমি কুণ্ডু।
অনুষ্ঠান শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলায় এসএসসি পরীক্ষায় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদার বিভিন্ন স্কুল থেকে চলতি বছরে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের কে সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ শনিবার বেলা ১১টার দিকে দামুড়হুদার মোক্তারপুর বাজারস্থ ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির আয়োজনে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত ৯৭জন শিক্ষার্থীদেরকে সংবর্ধনা দেয়া হয়।

ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির চেয়ারম্যান এ্যাড. মোহাম্মদ আসাদুল্লাহ’র সভাপতিত্বে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম। মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের প্রভাষক মোঃ সাইফুল্লাহ মুনছুরের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার প্রভাষক মোঃ আক্তারুজ্জামান, ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির প্রিন্সিপাল মোঃ আব্দুল্লাহ তাবরিজ খান।

এসময় উপস্থিত ছিলেন মোক্তারপুর ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সুলতান আহমেদ সহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ প্রমূখ।

সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলার আয়োজনে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

শিক্ষা ও সেবামূলক কাজে দেশ বিদেশে চুয়াডাঙ্গা জেলা শ্রেষ্ঠ জেলার মর্যদা পাওয়ায় বন্ধু আনন্দ-সংযোগ এবং এসএসসি উত্তীর্ণ বন্ধু সন্তান কৃতি শিক্ষার্থীদের সংবর্ধণা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১২টায় চুয়াডাঙ্গা জেলা পরিষদ মিলনায়তনে সারা বাংলা ৮৮ চুয়াডাঙ্গা জেলা কো- অর্ডিনেটর বিশিষ্ট চক্ষু বিশেষজ্ঞ ডা. সায়ীদ মেহবুব উল কাদিরের সভাপতিত্বে ও শিক্ষক মহসিন আলীর সঞ্চালনায় এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলওয়াত করেন হামিদুল ইসলাম সেন্টু।

অনুষ্ঠানে বক্তব্য দেন, বক্তব্য দেন কেন্দ্রীয় এডমিন প্যানেলের মডারেটর প্রভাষক লাবন্য মারু, চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ

থেকে শামস গোলাম হোসেন আবীর, ডা.ওয়ালিউর রহমান নয়ন, হাবিবুল করিম চঞ্চল, সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, হাসানুজ্জামান পলাশ, শিক্ষক কামরুল হাসান হিরো, শফিকুল ইসলাম জিন্নাহ, আজিম উদ্দিন, শিক্ষক মোজাম্মেল হক, শাহজাহান ঝন্টু, রাশেদুল ইসলাম, শাহ মোহাম্মদ তারিকুজ্জামান, প্রভাষক ইসমাঈল হোসেন, শারমিন দিলারা লুনা, শাহীন পারভেজ, সব্যসাচী সাহা রাজু, আখতার হোসেন ও আব্দুল মজিদ। এছাড়া উপস্থিত ছিলেন ৮৮ ব্যাচের জ্যেষ্ঠ সাংবাদিক রিফাত রহমান, জাহাঙ্গীর আলম, জহুরুল ইসলাম, মহিদুল ইসলাম সুমন, লিপু, চঞ্চল, সজল, বিপ্লব, উজিরপুর গ্রামের একরামুল হক, সাজ্জাদ হোসেন, বনানী, রকিব, মোমিন, ইমরান হোসেন দুদু, হাকিমুল বাশার, আমীর খসরু, কামাল, ফারুক, মুজিবুর রহমান, শংকর কুমার দেসহ অন্যান্যরা।

কৃতি শিক্ষার্থীদের জন্য সম্মাননা ক্রেস্টসহ উপহার দেয়া হয় সায়েন্টিফিক ক্যালকুলেটর, জায়নামাজ, বই, খাতা ও কলম। ১৯৮৮ ব্যাচের একজন ১৯৮৮ সালে অকৃতকার্য হলেও এবার উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে পরীক্ষা দিয়ে এসএসসি উত্তীর্ণ হয়েছে। তাকেও বন্ধুদের পক্ষ থেকে বরণ করে নেয়া হয় এবং সংবর্ধনা দেয়া হয়। এছাড়াও এক বন্ধুর মেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তী হওয়ার সুযোগ পাওয়ায় তাকে শুভেচ্ছা জানানো হয়। চুয়াডাঙ্গা জেলার ৫ টি থানা থেকে প্রায় ৭০ জন এসএসসি ১৯৮৮ ব্যাচের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এসএসসি ৮৮ ব্যাচের শিক্ষার্থীদের প্রতিষ্ঠান সারাবাংলা ৮৮ প্যানেল ৬৪ টি জেলাসহ ৬২ টি দেশে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে।

আলমডাঙ্গায় আল-ইকরা একাডেমির কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমিতে (আল ইকরা) প্রাথমিক বৃত্তি ও এসএসসি -২০২২ পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা-২০২৩ অনুষ্ঠিত

হয়েছে। হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮ টায় প্রতিষ্ঠান প্ প্রাঙ্গণে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহম্মদ ডন,আলমডাঙ্গা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল মোনায়েম,জেলা সমাজ সেবা অফিসারর সহকারী পরিচালক আবু তালেব,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক,আলমডাঙ্গা একাডেমির বিদ্যোৎসাহী সদস্য আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,উপদেষ্টা পরিষদের সভাপতি প্র.ড মুহাম্মদ আব্দুস শহীদ। অভিবাকদের পক্ষ থেকে বক্তব্য প্রদান করেন একেএম রাজিউজ্জামান রাজ,সৈয়দ আল মামুন।

সহকারি শিক্ষক শাহিন শাহিদের উপস্থাপনায় কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন নাবাত রেহান মারফী,সালমান সাদিক,আতিকুজ্জামান নাভিদ,এইচ এম ফাহিম,ইকবাল মাহমুদ সানভী,আহসানউল্লাহ সজীব,আঃ রাব্বী,হাসান আল নোমান,আব্দুস শহীদ নাসিস।

অনুষ্ঠানে প্রাথমিক বৃত্তি ও এসএসসি-২০২২এর কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ২৪ জন ট্যালেন্টপুলে, ১৬ জন সাধারণ গ্রেডে ও এসএসসি পরীক্ষায় ৪জন ট্যালের্টপুল,১৩জন সাধারণ গ্রেড ও ৩৮জন জিপিএ- ৫.০০ প্রাপ্ত শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০১৬ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে ২৫ জন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ও ৮ জন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়ায় তাদেরকে সংবর্ধিত করা হয়। ৩জন ক্যাডেট কলেজ ও জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত আরও ৩ জন শিক্ষার্থীসহ ৬ জনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।

মেহেরপুরে কৃতি

শিক্ষার্থীদেরকে সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুরের এসএসসি ২০২২ ব্যাচের ১৬জন কৃতি শিক্ষাথীকে সংবর্ধনা প্রদান করেছেন বিদ্যালয় কর্তৃপক্ষ। গাংনীর ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের বৃহষ্পতিবার (২২ ডিসেম্বর) দুপুরে এ সংবর্ধনা প্রদান করা হয়। প্রতিজন কৃতি শিক্ষার্থীকে একটি করে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়েছে।

ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহাম্মদ রোকনুজ্জামান’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও ইউপি চেয়্যারম্যান আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি ছিলেন শানঘাট-চাঁন্দামারী মাধ্যমিক বিদ্যালের প্রধান শিক্ষক আসাদুল আজাদ, রাইপুর মধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান ও বৃটিশ আমেরিকান টোবাকো কোম্পানীর এরিয়া ম্যানেজার এএসএম কামাল হোসেন।

এসময় বিদ্যালেরর শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকরাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।